গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১

**বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) চূড়ান্ত মূল্যায়ন বিশেষজ্ঞ পুল কর্তৃক পর্যালোচনা সভার (জুম মিটিং) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাকিউন নাহার বেগম এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| তারিখ | : | ০৯-০৮-২০২০ খ্রি: |
| সময় | : | বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | : | ভার্চুয়াল জুম মিটিং |
| উপস্থিত সদস্য | : | পরিশিস্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের সাফল্য পরিমাপ ও মূল্যায়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ কারণে বস্তুনিষ্ঠভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও এর সুষ্ঠু বাস্তবায়ন এবং যথাযথ মূল্যায়ন অপরিহার্য।

০২। সভাপতির অনুরোধে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এপিএ টিমের সদস্য প্রোগ্রামার জনাব মো আরিফুল ইসলাম এ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অর্জনের ক্ষেত্রে ১০০ নম্বরের মধ্যে প্রাপ্য নম্বর ৮৮.৪৫ ।

০৩। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন সম্পর্কে বিশেষজ্ঞ পুলের সদস্য অবসরপ্রাপ্ত যুগ্মসচিব জনাব আব্দুল কাইউম সরদার এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সূচক নং-১.৫ সেবা সহজিকরণ এর বিষয়ে জানতে চান। এ বিষয়ে এপিএ টিম সদস্য জনাব মো: আরিফুল ইসলাম বিস্তারিতভাবে ব্যাখ্যা প্রদানের পর জনাব আব্দুল কাইউম সরদার মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সেবা কিন্তু সাধারণ নাগরিকের জন্য সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

০৪। বিশেষজ্ঞ পূলের অপর সদস্য অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব খোন্দকার মোস্তান হোসেন বলেন যে, কোভিড-১৯ এর কারণে বিশ্বব্যাপী সকল কার্যক্রম বাধাগ্রস্থ হয়েছে। কিন্তু এ ধরণের মহামারির ক্ষেত্রে এর স্থায়িত্ব সম্পর্কে যেহেতু আমরা অবহিত নই সেহেতু এ পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে পরবর্তী সকল কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য আরও তৎপর হওয়া এবং প্রয়োজনে নতুন কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন।

০৫। এ প্রসঙ্গে বিশেষজ্ঞ পুল প্রধান অবসরপ্রাপ্ত সচিব জনাব মো: নুরূল হক বলেন যে, যে কোন কর্মসূচী বা নীতিমালা আকস্মিভাবে পরিবর্তন করা যুক্তিযুক্ত নয়। এ ক্ষেত্রে বিগত বছরের ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য নতুন বছরের শুরু থেকে কর্মতৎপর হয়ে পরিকল্পনা বাস্তবায়ন করা প্রয়োজন।

০৬। আলোচনান্তে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ২০১৯-২০ অর্থবছরে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে নাগরিক সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

মহামারির কারনে বিগত বছরের কার্যক্রম অগ্রগতি যথাযথ না হওয়ায় বর্তমান থেকে এপিএ সূচকসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৭। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/৮/২০২০
(সাকিউন নাহার বেগম এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
এপিএ টিম প্রধান